গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

**২০২২-২৩ অর্থবছরের দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (এনআইএস)'র ৩য় ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাদিয়া শারমিন<br>যুগ্মসচিব, পরিকল্পনা বিভাগ |
| তারিখ | : | ৩০ এপ্রিল ২০২৩ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | যুগ্মসচিব (এপিএ) এর অফিস কক্ষ<br>ভবন নং-০৯, কক্ষ নং-২৩, পরিকল্পনা বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) বিআইডিএস'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী মোট ১৬টি কার্যক্রম রয়েছে। যার মোট মান ৫০। উল্লেখ্য, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পুরোপুরি বাস্তবায়ন করলে এপিএ'র চূড়ান্ত ফলাফলে ১০ নম্বর যোগ হবে। অধীন দপ্তর/সংস্থা বিআইডিএস এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কাজ ও সূচকের ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

২.০০ আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন; | ৪ | ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ৩টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে। | নৈতিকতা কমিটির ৪র্থ সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে। | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | ১০০ | ৩য় ত্রৈমাসিক পর্যন্ত এ সূচক শতভাগ অর্জিত হয়েছে। | প্রমাণক যথাযথভাবে সরবরাহ করতে হবে। | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা; | ৪ | অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৩টি সভা আয়োজন করা হয়েছে। ৩য় ত্রৈমাসিক পর্যন্ত এ সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪র্থ সভায় পরিকল্পনা বিভাগের ১জন প্রতিনিধি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন; | ২ ব্যাচ (৪০ জন) | ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ১টি ব্যাচে ২৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | নির্ধারিত সময়সীমার মধ্যে অবশিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | ২ | ৩য় ত্রৈমাসিক পর্যন্ত ১ বার অকেজো মালামাল বিনষ্টকরণ এবং নিলামে বিক্রয় করা হয়েছে। | কর্ম-পরিবেশ উন্নয়নের কার্যক্রম চলমান রাখতে হবে। | |
| ১.৬ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান; | | আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় নেই বিধায় অর্জিত হিসেবে পরিগণিত হবে। | আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় নেই বিধায় অর্জিত হিসেবে পরিগণিত হবে। | |

| কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন: | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ; | ৩১/০৭/২২ | ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ওয়েবসাইটে প্রকাশের স্ক্রীনশর্ট প্রমাণক হিসেবে যথাযথভাবে সরবরাহ করতে হবে। | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের); | ১০০% | রাজস্ব-২৫%<br>উন্নয়ন-০% | বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন সম্পর্কিত দাখিলকৃত প্রতিবেদনে শতকরা হার উল্লেখ করতে হবে। | |
| ২.৩ বাজেট বাস্তবায়ন; | ১০০% | রাজস্ব-২৫%<br>উন্নয়ন-০% | - | উন্নয়ন বাজেটে কোনো অর্থ ছাড় হয়নি। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন; | ৪টি PIC সভা | এ সূচকের অর্জন সন্তোষজনক নয়। | DPP নির্দেশনা মোতাবেক PIC সভা মে/২০২৩ এর মধ্যে সম্পন্ন করে সভার কার্যবিবরণী মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে। | |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা; | | বিআইডিএস এর কোন সমাপ্ত প্রকল্প না থাকায় পূর্ণ নম্বর অর্জিত হবে। | | |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম: | | | | |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ; | ৩০/০৯/২২<br>৩১/১২/২২<br>৩১/০৩/২৩<br>৩০/০৬/২৩ | লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত | ক) সরকারি গাড়ী ব্যবহারের জন্য প্রাধিকারের তালিকা প্রস্তুতপূর্বক পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। খ) কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা-নেওয়ার ক্ষেত্রে কিলোমিটার অনুযায়ী যাতায়াত খরচ নির্ধারণ করতে হবে। | |
| ৩.২ সম্পাদিত গবেষণা সমীক্ষার সারসংক্ষেপ ওয়েবসাইটে প্রকাশ; | ৩০/০৯/২২<br>৩১/১২/২২<br>৩১/০৩/২৩<br>৩০/০৬/২৩ | লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত | ওয়েবসাইটে প্রকাশের স্ক্রীনশর্ট প্রমাণক হিসেবে যথাযথভাবে সরবরাহ করতে হবে। | |
| ৩.৩ চলমান গবেষণা সমীক্ষার সারসংক্ষেপ ওয়েবসাইটে প্রকাশ; | ৩০/০৯/২২<br>৩১/১২/২২<br>৩১/০৩/২৩<br>৩০/০৬/২৩ | লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত | ওয়েবসাইটে প্রকাশের স্ক্রীনশর্ট প্রমাণক হিসেবে যথাযথভাবে সরবরাহ করতে হবে। | |
| ৩.৪ সমীক্ষার মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীদের যথাযথ প্রশিক্ষণ প্রদান; | ৮০ | লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত | আগামী অর্থবছরে এই সূচক নির্ধারণ করলে লক্ষ্যমাত্রা যৌক্তিক হতে হবে। | |

| কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩.৫ গবেষকদের 'Professional Activities' ওয়েবসাইটে প্রকাশ; | ৩০/০৯/২২<br>৩১/১২/২২<br>৩১/০৩/২৩<br>৩০/০৬/২৩ | লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত | ওয়েবসাইটে প্রকাশের স্ক্রীনশর্ট প্রমাণক হিসেবে যথাযথভাবে সরবরাহ করতে হবে। | |

৩.০০ পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০/০৪/২০২৩
(সাদিয়া শারমিন)
যুগ্মসচিব (বাজেট ও এপিএ)
ও
এপিএ টিম লিডার
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩১.০১০.২২.১৬০

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩০
৩০ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা/এসএসআরসি, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৩. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৪. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা
৫. গবেষণা কর্মকর্তা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৪. প্রশাসনিক কর্মকর্তা, কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. যুগ্মসচিব (বাজেট ও এপিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৪. সংশ্লিষ্ট নথি।